Total number of printed pages: 5 (five) **DCBL-2023-101**

**2023**

Diploma Course in Bengali Language (DCBL)

**First Semester : 1st paper**

Bengali Language and Literature on Historical Perspective

Full Marks: 80 Time: 3 hours

**২০২৩**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**প্রথম ষাণ্মাসিক : ১ম পত্র**

ইতিহাসের আলোকে বাংলা ভাষা ও সাহিত্য

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

১। যে কোনও পাঁচটি প্রশ্নের উত্তর লিখুন : - ১ x ৫ = ৫

ক) 'বাঙ্গালীর ইতিহাস' বইটি কার লেখা?

খ) 'হা-বাংলা' শব্দটির অর্থ লিখুন।

গ) আকবরের সাম্রাজ্য কয়টি সুবায় বিভক্ত ছিল?

ঘ) বাংলা ভাষার প্রাচীনতম লিখিত নিদর্শনটি কী?

ঙ) পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, আসাম, বিহার ছাড়াও উত্তর ভারতের আরেকটি রাজ্যেও বাংলা ভাষা সরকারি ভাবে স্বীকৃত- সেটা কোথায়?

চ) ঐতিহাসিক পরিক্রমায় বাংলা ভাষায় ইসলামীয় সংস্কৃতির সংস্পর্শ থেকে কোন্ কোন্ ভাষিক শব্দের সংযোজন ঘটেছে?

২। উত্তর লিখুন (যে কোনও পাঁচটি) : - ১ x ৫ = ৫

ক) বাংলা ভাষার উদ্ভব কত শতকে?

খ) বাঙালি জাতিসত্তার আত্মপ্রকাশের সময়কাল কবে?

গ) বাংলা ভাষার আনুমানিক বয়স কত বছর?

ঘ) বাংলা ভাষাটি কোন্ ভাষা পরিবারের অন্তর্গত।

ঙ) ধর্ম এবং ভাষার মধ্যে কোনটা সহজে পরিবর্তনশীল?

চ) আর্যভাষাগোষ্ঠীর মানুষের ভারতে প্রবেশ ও বসতি বিস্তারের সময়কাল কী?

অপর পৃষ্ঠায় দেখুন

৩। যে কোনও দু’টি প্রশ্নের উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) বাংলা ভাষার সাধুরূপটি আমরা বর্তমানে কোথায় খুঁজে পাই?

খ) ভাষা পরিবার বলতে কী বোঝায়? দু'টি ভাষা পরিবারের নাম লিখুন।

গ) চর্যাপদ পুথিটি কে, কবে, কোথায় আবিষ্কার করেন? চর্যাপদের দু’জন পদকর্তার নাম লিখুন।

৪। যে কোনও পাঁচটি প্রশ্নের উত্তর লিখুন : - ১ x ৫ = ৫

ক) বঙ্গীয় শব্দকোষের প্রণেতা কে?

খ) কোন্ দুইটি জাতিগোষ্ঠীর সংমিশ্রণে বাঙালি জাতিগোষ্ঠী তৈরি হয়েছে?

গ) পৃথিবীতে প্রচলিত ও কথিত ভাষাগুলির মধ্যে বাংলা ভাষার স্থান কত?

ঘ) আসামের সরকারি ভাষা আইন ১৯৬০ এবং এর ১৯৬১-র সংশোধনী মতে বরাক উপত্যকার স্বীকৃত ভাষা কোনটি?

ঙ) সারা পৃথিবীতে কত কোটি মানুষের মুখের ভাষা বাংলা?

চ) বাঙালিরা তাদের জাতিবাচক অভিধাটি কোথা থেকে লাভ করেছে?

৫। উত্তর লিখুন (যে কোনও দু’টি) : - ৩ x ২ = ৬

ক) ‘বাংলার ভূখণ্ড ও বাংলা ভাষার ভূখণ্ড এক নয়’ -আপনার সুচিন্তিত মতামত ব্যক্ত করুন।

খ) ভাষাতাত্ত্বিকদের মতে মধ্যভারতীয় আর্য ভাষার তিনটি স্তর ছিল- এই স্তরগুলোর নাম লিখুন। কাত

গ) বাঙালি যে একটি মিশ্র জাতি দু'টি প্রমাণ দিয়ে তা বুঝিয়ে দিন।

৬। নিম্নলিখিত চর্যাপদগুলোকে আধুনিক বাংলায় অনুবাদ করুন (যে কোনও একটি) : - ৫

ক) ভাব না হোই অভাবন জাই।
আইস মংবোহে কো পতিআই।।

খ) উচ্চ উঠান বিমল খরা তরুণী ঘরিণি বিনঅপরা
বিত্তক পুরল মুদ্ধহরা বরিসা সমআ সুখরা।

৭। যে কোনও চারটি প্রশ্নের উত্তর লিখুন : - ১ x ৪ = ৪

ক) মধ্যযুগে 'রামায়ণ' ও 'মহাভারত' বাংলায় কারা অনুবাদ করেন?

খ) 'শ্রীকৃষ্ণবিজয়' গ্রন্থটি কার লেখা?

গ) তুর্কি শাসনকালে বাংলায় অনূদিত সাহিত্যের নাম লিখুন।

ঘ) বেদ, পুরাণ, উপনিষদ ও পাঁচালি কোন ছন্দে রচিত হয়েছিল?

ঙ) আগমনী ও বিজয়া পদগুলোতে দেবী দুর্গাকে কোন রূপে দেখা হয়েছে?

৮। সঠিক উত্তর লিখুন (যে কোনও তিনটি) : - ২ x ৩ = ৬

ক) প্রাক্‌চৈতন্যযুগের দু'জন পদকর্তার নাম লিখুন। তাঁদের পদাবলির বিষয়বস্তু কী ছিল? পদাবলিটি কী ভাষায় রচিত হয়েছিল?

খ) মঙ্গলকাব্য কাকে বলে? এর ধারাগুলোর নাম লিখুন।

গ) শ্রীচৈতন্যদেব কবে জন্মগ্রহণ করেন? তাঁর পিতা ও মাতার নাম লিখুন।

ঘ) প্রাচীন চিঠিপত্রের সম্ভাষণের দু'টি বয়ান লিখুন।

৯। যে কোনও দু'টি প্রশ্নের উত্তর দিন : - ২ x ২ = ৪

ক) মুদ্রণ মাধ্যমের উদ্ভবের পূর্বে বাংলার প্রকাশ মাধ্যম কী ছিল? কোন প্রকাশ মাধ্যম কালের বিচারে অর্বাচীন- গদ্য না পদ্য?

খ) কবিরাজ কাকে বলে?

গ) টীকা লিখুন : -

উইলিয়াম কেরি **অথবা** পঞ্চানন কর্মকার।

১০। শূন্যস্থান পূর্ণ করুন : - ১ x ৪ = ৪

ক) বাংলা গদ্যের নিদর্শন ____ পাওয়া যায়।

খ) রাজা মেঘনারায়ণ ____ সিংহদ্বার নির্মাণ করেন।

গ) 'সমাচার দর্পণ' পত্রিকাটি ____ প্রেস কর্তৃক প্রকাশিত হয়েছিল।

ঘ) 'সাহিত্য সম্রাট' শিরোপার যথার্থ অধিকারী হলেন ____।

১১। যে কোনও দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ২ x ২ = ৪

ক) বাংলা কাব্যে মাইকেল মধুসূদন দত্তের অমর কীর্তি কী? তাঁর প্রধান কাব্যগ্রন্থের নাম লিখুন।

খ) রবীন্দ্রনাথ ঠাকুরের সমসাময়িক একজন কবির নাম লিখুন।

গ) কবিগুরু সারাজীবনে মোট কয়টি কাব্যগ্রন্থ রচনা করেছেন? তিনি কত সালে নোবেল পুরস্কার পেয়েছিলেন?

১২। সংক্ষেপে যে কোনও দু'টি প্রশ্নের উত্তর লিখুন : - ২ x ২ = ৪

ক) রবীন্দ্রনাথ ঠাকুর কী বিচিত্র সম্ভার দিয়ে বাংলা কাব্য জগৎটি গড়ে দিয়েছিলেন- সংক্ষেপে লিখুন।

খ) কাজী নজরুল ইসলামকে কী কবি হিসেবে চিহ্নিত করা হয়েছিল? তাঁর প্রথম কাব্যগ্রন্থের নাম লিখুন। তিনি কোন দেশের জাতীয় কবি?

গ) বাংলা ভাষার 'তৃতীয় ভুবন' বলতে কোন্ অঞ্চলকে বোঝায়? বিংশ শতকের এ ভুবনের দু'জন কবির নাম লিখুন।

১৩। উত্তর লিখুন (যে কোনও তিনটি) : - ২ x ৩ = ৬

ক) নাটক বলতে কী বোঝায়? বাংলার দু'জন বিশিষ্ট নাট্যকারের নাম লিখুন।

খ) নাটকে কুশীলব বলতে কী বোঝায়? এদের ভূমিকা কী?

গ) ভারতবর্ষে সর্বপ্রথম বাংলা নাটক কে উপস্থাপন করেন? নাটকটির নাম কী ছিল?

ঘ) নাটককে সংগ্রামী হাতিয়ারে রূপান্তরিত করতে যে নাটকটি লেখা হয়েছিল, এর নাম কী? নাটকটি কে লিখেছিলেন?

১৪। যে কোনও একটি প্রশ্নের উত্তর লিখুন : - ৪ x ১ = ৪

ক) নাট্যকার দ্বিজেন্দ্রলাল রায় সম্বন্ধে সংক্ষেপে লিখুন।

খ) টীকা লিখুন : - মাইকেল মধুসূদন দত্ত।

গ) নাট্যকার হিসেবে গিরিশচন্দ্র ঘোষের মূল্যায়ন করুন।

১৫। অতি সংক্ষেপে উত্তর লিখুন (যে কোনও তিনটি) : - ২ x ৩ = ৬

ক) বাংলা সাহিত্যে কথাশিল্পী কাকে বলা হয়? তাঁর দু'টি উপন্যাসের নাম লিখুন।

খ) ইউরোপীয় আঙ্গিকে বাংলায় সর্বপ্রথম সার্থক উপন্যাস কে, কখন রচনা করেন?

গ) টেকচাঁদ ঠাকুর কার ছদ্মনাম? তাঁর রচিত একটি প্রাক্-উপন্যাসের নাম লিখুন।

ঘ) মীর মশারফ হোসেনের রচিত উপন্যাসের নাম লিখুন। এর পর্বগুলোর নাম কী?

ঙ) রবিনসন ক্রুশো কার লেখা? এটি কী ধরনের রচনা?

১৬। যে কোনও দু'টি প্রশ্নের যথাযথ উত্তর দিন : - ৩ x ২ = ৬

ক) ছোটগল্প বলতে কী বোঝায়? কথাসাহিত্যে ছোটগল্প কবে, কোন পরিপ্রেক্ষিতে আত্মপ্রকাশ করেছিল?

খ) বঙ্কিমচন্দ্রের উপন্যাসের বিষয়বস্তু সম্পর্কে সংক্ষেপে লেখো।

গ) টীকা লিখুন (যে কোনও একটি) : -
উপন্যাস, ডিকেন্স অব বেঙ্গল, রবীন্দ্রনাথ ঠাকুর।

- শেষ পৃষ্ঠা -